প্রথম আলো

31 MAY 2017

এসএসসির পুনর্নিরীক্ষণের ফল প্রকাশ

# ছয় বোর্ডে আরও ৫৪০ জন জিপিএ-৫ পেল

**নিজস্ব প্রতিবেদক** ●

২০১৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার পুনর্নিরীক্ষণের ফল গতকাল মঙ্গলবার প্রকাশ করা হয়েছে। শিক্ষা বোর্ডগুলো আলাদাভাবে এই ফল প্রকাশ করে তাদের ওয়েবসাইটে দিয়েছে। সর্বশেষ তথ্য অনুযায়ী, আটটি সাধারণ শিক্ষা বোর্ডের মধ্যে ছয় বোর্ডে নতুন করে আরও ৫৪০ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে।

ঢাকা বোর্ডের জ্যেষ্ঠ সিস্টেম অ্যানালিস্ট মনজুরুল কবীর বলেন, মোট ৫৫ হাজার ৩৩০ শিক্ষার্থী আবেদন করেছিল। এর মধ্যে ১ হাজার ৬৭৯ জনের ফল পরিবর্তন হয়েছে।

চট্টগ্রাম বোর্ডে ৬১৪ জনের ফল পরিবর্তন হয়েছে। অকৃতকার্য থেকে পাস করেছে ৫২ জন এবং নতুন করে জিপিএ-৫ পেয়েছে ৬৭ জন। কুমিল্লা বোর্ডে ৫৭৫ জনের ফল পরিবর্তন হয়েছে। নতুন করে জিপিএ-৫ বেড়েছে ৪৪ জনের।

রাজশাহী বোর্ডে ফল পরিবর্তন হয়েছে ৪৭০ জনের। নতুন করে জিপিএ-৫ পেয়েছে ৬২ জন। যশোর বোর্ডে ফল পরিবর্তন ১৯৯ জনের। নতুন করে জিপিএ-৫ পেয়েছে ৭৬ জন। বরিশাল বোর্ডে ফল পরিবর্তন হয়েছে ১৬৫ জনের।

শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী, যেসব শিক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে, তারা একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করে থাকলে তাদের আবেদনে নতুন করে কলেজ বা সমমানের প্রতিষ্ঠান সংযোজন অথবা বিয়োজন এবং পছন্দক্রম পরিবর্তন করতে পারবে। আর যারা অকৃতকার্য থেকে কৃতকার্য হয়েছে তারা এসএমএস বা অনলাইনে আজ বুধবারের মধ্যে আবেদন করতে পারবে।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/অবগত্যার্থে
স্বাক্ষর